



# ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়

মাদরাসা পরিদর্শন দফতর

[www.iau.edu.bd](http://www.iau.edu.bd) [iauins13@gmail.com](mailto:iauins13@gmail.com)

বছিলা, মোহাম্মদপুর, ঢাকা-১২৩১।

স্মারক নং- ইআবি/পরি/অধি-নবা/বরি-৬৫/২০১৬/১৫৬৫৯

তারিখ: ২৬ মাঘ ১৪৩২ বঙ্গাব্দ  
০৯ ফেব্রুয়ারি ২০২৬ খ্রিষ্টাব্দ

## অফিস আদেশ

নপাইয়া হোগলটুরী হামিদিয়া ফাজিল মাদরাসা, ডাকঘর: গোবিন্দপুর, উপজেলা: মেহেন্দিগঞ্জ, জেলা: বরিশাল-এর ফাজিল স্নাতক (পাস) বিএ স্তরের অধিভুক্তি নবায়নের বিষয়ে অধ্যক্ষ মহোদয়ের ২৬-০৪-২০২৫ তারিখের দাখিলকৃত আবেদন ও ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের অধিভুক্তি নবায়ন সংক্রান্ত তৃতীয় সংবিধি ২০২৩ অনুযায়ী গঠিত ০১ (এক) সদস্য বিশিষ্ট পরিদর্শন টিমের দাখিলকৃত প্রতিবেদনের পরিপ্রেক্ষিতে মাদরাসাটির ফাজিল স্নাতক (পাস) বিএ স্তর নিম্নবর্ণিত শর্তে ২৬-০৩-২০২৫ থেকে ২৫-০৩-২০২৯ তারিখ পর্যন্ত ০৪ (চার) বছরের জন্য অধিভুক্তি নবায়ন প্রদান করা হলো:

### শর্তসমূহ:

১. শ্রেণিকক্ষে মূল কিতাবের ব্যবহার নিশ্চিত করত: গাইড বই শ্রেণিকক্ষে আনয়ন নিষিদ্ধ করতে হবে;
২. আলিম ও ফাজিল শ্রেণির শিক্ষার্থীদের ক্লাসমুখী করার জন্য কার্যকর পদক্ষেপ নিতে হবে;
৩. ছাত্র-ছাত্রীদের আরবি ও ইংরেজিতে দক্ষতা বৃদ্ধির জন্য শিক্ষকগণকে যথাযথ নির্দেশনা দিতে হবে;
৪. শিক্ষকগণের বিষয়ভিত্তিক দক্ষতা বৃদ্ধির জন্য যথাযথ প্রশিক্ষণের ব্যবস্থা করতে হবে;
৫. মাদরাসার যাবতীয় ব্যয়ে গভর্নিং বডি'র অনুমোদন নিতে হবে;
৬. শ্রেণিকক্ষসমূহ পরিষ্কার-পরিচ্ছন্ন রাখতে হবে এবং শিক্ষার উপযুক্ত পরিবেশ বজায় রাখতে হবে;
৭. শূন্য পদে দ্রুত জনবল নিয়োগের ব্যবস্থা করে শিক্ষা উপকরণসহ সকল শিক্ষককে পাঠদানে আরও মনোযোগী হতে হবে এবং শিক্ষার মানোন্নয়নের লক্ষ্যে প্রতি তিনমাস পরপর অভিভাবক সমাবেশ করতে হবে;
৮. কুরআন শিক্ষার ওপর বিশেষ গুরুত্ব দেওয়ার পাশাপাশি আরবি ও ইংরেজি ভাষায় শিক্ষার্থীদের বিশেষ দক্ষতা অর্জনের জন্য ভাষা ক্লাব চালু করার জন্য কার্যকরী পদক্ষেপ নিতে হবে এবং আধুনিক ও যুগোপযোগী পাঠদানের লক্ষ্যে শিক্ষকদেরকে বিশেষ প্রশিক্ষণ প্রদানের ব্যবস্থা করতে হবে;
৯. শিক্ষার্থীদেরকে আদব-আমল-আখলাক শেখানোর পাশাপাশি কো-কারিকুলার একাডেমিক জলসা, কেব্রাত, হামদ-নাত, বক্তৃতা (বাংলা, আরবি, ইংরেজি), ক্যালিগ্রাফি, সাহিত্য চর্চা, নাটিকা, খেলাধুলা, দেয়ালিকা প্রকাশ, বার্ষিকী প্রকাশ, বিতর্ক-রচনা প্রতিযোগিতা ইত্যাদি বিষয়ের ওপর বিশেষ গুরুত্ব দিতে হবে;
১০. গভর্নিং বডি কর্তৃক একাডেমিক কমিটি, ক্রম কমিটি, অভ্যন্তরীণ অডিট কমিটি, সাংস্কৃতিক কমিটি গঠন করতে হবে এবং ছুটির রেজিস্টার খাতা রক্ষণাবেক্ষণসহ শিক্ষক ও কর্মচারীগণের ছুটির আবেদনপত্র ও ব্যক্তিগত ফাইল যথাযথভাবে সংরক্ষণ করতে হবে;
১১. ছাত্রীদের ওয়াশরুম, কমনরুম ও নামাজের জন্য স্থান নির্ধারণ করতে হবে এবং মাদরাসার সাইনবোর্ড ও প্যাডে "ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় অধিভুক্ত" কথাটি লিখতে হবে;
১২. মাদরাসার ছাত্র-শিক্ষক মিলনায়তন/অডিটোরিয়ামকে আরও সুসজ্জিত করত: কম্পিউটার ল্যাব স্থাপন, ডিজিটাল হাজিরা, শিক্ষার্থীদের আইডি কার্ডসহ ড্রেস কোড ও সিসি টিভির ব্যবস্থা করার পাশাপাশি বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে নিয়মিত ডিজিট করতে হবে এবং মাদরাসা সম্পর্কিত সকল নোটিশ সংশ্লিষ্ট মাদরাসার নোটিশ বোর্ডে প্রদর্শিত করা ছাড়াও মাদরাসার ফাইলে সংরক্ষণ করতে হবে;
১৩. অধিভুক্তি নবায়নের মেয়াদ উত্তীর্ণ হওয়ার কমপক্ষে ০৮ (আট) মাস পূর্বে পুনঃনবায়নের জন্য আবেদন করতে হবে;

মাননীয় ভাইস চ্যান্সেলরের অনুমোদনক্রমে

(মোঃ গিয়াস উদ্দীন)

মাদরাসা পরিদর্শক

ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়

অধ্যক্ষ, নপাইয়া হোগলটুরী হামিদিয়া ফাজিল মাদরাসা  
ডাকঘর: গোবিন্দপুর, উপজেলা: মেহেন্দিগঞ্জ।

স্মারক নং- ইআবি/পরি/অধি-নবা/বরি-৬৫/২০১৬/১৫৬৫৯

তারিখ: ২৬ মাঘ ১৪৩২ বঙ্গাব্দ  
০৯ ফেব্রুয়ারি ২০২৬ খ্রিষ্টাব্দ

### সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরিত হলো:

১. মহাপরিচালক, মাদরাসা শিক্ষা অধিদপ্তর, গাইড হাউস (৭ম এবং ১০ম তলা), নিউ বেইলি রোড, রমনা, ঢাকা-১০০০।
২. চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, বকশীবাজার, ঢাকা-১২১১।
৩. রেজিস্ট্রার, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় (একাডেমিক কাউন্সিল সভায় রিপোর্ট করার জন্য)।
৪. ভাইস চ্যান্সেলর মহোদয়ের একান্ত সচিব (দায়িত্বপ্রাপ্ত), ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় (ভাইস চ্যান্সেলর মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৫. আইসিটি বিভাগ, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
৬. সভাপতি, নপাইয়া হোগলটুরী হামিদিয়া ফাজিল মাদরাসা, ডাকঘর: গোবিন্দপুর, উপজেলা: মেহেন্দিগঞ্জ।
৭. অফিস নথি।

০৭.০২.২০২৬

(আরিফ আহমদ)

সহকারী মাদরাসা পরিদর্শক